# Delhi Public School, Howrah

**PRE-BOARD EXAMINATION-(2024 – 2025)**

**Class- X**

**Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.**

**Subject:- BENGALI (005)**

**Time:- 3 HOURS** **F.M.-80**

## PART-A: Objective type Questions(MCQ): 25Marks

## Section-A

## (Reading:Unseen Comprehension)

**অনুচ্ছেদগুলি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো:** [(1×4)×3=12]

1.A. আজ থেকে দশ বছর আগেকার কথা। আমি তখন ত্রিশ বছরের যুবক। সরকারি কলেজে জিওগ্রাফি পড়াই। প্রতিবছর ছেলেমেয়ে নিয়ে ফিল্ড স্টাডিতে যাই। সেবারে গিয়েছিলাম রাজগীর। দলে ছিল আটজন ছেলে। দুজন মেয়ে। মেয়েদের মধ্যে ছিল ওই মঞ্জুলা।

শহরের এক প্রান্তে ওই বাড়িটি কলকাতার এক ব্যবসায়ীর। ভদ্রলোক কালেভদ্রে আসেন। বাগান ঘেরা বিরাট বাড়িটি তালাচাবি দেওয়া পড়ে থাকে। আউট হাউসে থাকে দারোয়ান।

আমাদের আসার খবর পেয়ে দারোয়ান বাড়িটি যথাসম্ভব পরিষ্কার-পরিচ্ছন্ন করে রেখেছিল। বাড়ির পজিশনটিও ভালো। একেবারে বাসস্ট্যান্ডের লাগোয়া। কয়েক পা এগুলোই দোকানপাট, হোটেল। কিন্তু এত জমজমাট জায়গায় বাড়িটি এতদিন এইভাবে খালি-খালি পড়ে আছে কেন জিজ্ঞাসা করতেই দারোয়ান বলল, "হুজুর, এ-বাড়ি কেউ কিনবে না। লোকে বলে এ-বাড়িতে ভূত আছে।"

"ভূত তুমি দেখেছ?" ছেলেদের সামনে আমি জিজ্ঞাসা করলাম।

দারোয়ান বলল,"না হুজুর, তবে আমি তো ওই বাড়িতে থাকি না। মাঝে মাঝে দু চারজন এসে থাকেন। তারা বলেন। একবার মালিক বলেছিলেন বাড়িটা হোটেল করবেন। কিন্তু শেষ মুহূর্তে পিছিয়ে যান। এত টাকা খরচ করার পরে যদি শেষে কোন একজন লোক না আসে।"

আমার এক ছাত্র অমল হেসে বলল," ভালো হবে স্যার, এ বাড়িতে থাকলে ভূত দেখা যাবে।"

কার্তিক বলল, "আমরা কোনদিন ভূত দেখি নি স্যার।"

আমি বললাম, "কী মঞ্জুলা, জয়া, ভূতের নাম শুনে তোমাদের ভয় করছে নাকি?

I. বক্তা যে বাড়িটির কথা বলেছেন, সেটি হল-

A) কলকাতা শহরের এক প্রান্তে

B) রাজগীর শহরের এক প্রান্তে

C) কলকাতা শহরের এক জমজমাট এলাকায়

D)রাজগীর শহরের এক নির্জন এলাকায়

II. বাড়িতে যে ভূত আছে, তার প্রত্যক্ষ অভিজ্ঞতা ছিল-

A) বাড়ির মালিকের

B) বাড়ির দারোয়ানের

C) বাড়ির দু'চারজন সাফাই কর্মচারীর

D) বাড়ির দু চারজন বাসিন্দার

III. বাড়ির মালিক বাড়িটাকে হোটেল করার কথা ভেবেও পিছিয়ে যান।

কারণ (ক): বাড়ির মালিক নিজে সেখানে থাকেন না।

কারণ (খ): বাড়িটা ভয়াবহ বলে দুর্নাম আছে।

A) কারণ ক এবং খ দুটোই ঠিক

B) কারণ ক এবং খ দুটোই ভুল

C) কারণ ক ভুল কিন্তু খ ঠিক

D) কারণ ক ঠিক কিন্তু খ ভুল

IV কালেভদ্রে আসেন। কথাটির অর্থ হল-

A) অনেকদিন পর পর আসেন

B) নিয়মিত আসেন

C) কিছুকালের জন্য আসেন

D) ভদ্রতা করতে আসেন

1.B. এক জীবনে এত সৎকর্ম। 'বহুবিবাহ' সেখানে সামাজিক ব্যাধি। এই কুলিন প্রথা বন্ধের জন্য আন্দোলন চলছিল। রাসমণিদেবী এই আন্দোলনের পক্ষে তৎকালীন ব্যবস্থাপক সমাজে বহুবিবাহ রোধের একটি আবেদন পত্র পেশ করেন। তার জনকল্যাণমূলক কাজের তালিকা দীর্ঘ। যেমন- সুবর্ণরেখা নদীর পরপার থেকে বহু অর্থব্যয়ে তীর্থযাত্রীদের জন্যে পুরী পর্যন্ত প্রশস্ত পথ তৈরি, জন্মস্থান কোনা গ্রামে একটি স্নানঘাট নির্মাণ। আরো অনেক ঘাট- কালীঘাটের আদি গঙ্গায় বাবুগঞ্জ।'টোনার খাল' খনন করিয়ে মধুমতী নদীর সঙ্গে গঙ্গার সংযোগ সাধন। বেলিয়াঘাটা ও ভবানীপুরে বাজার স্থাপন। বিভিন্ন কলেজে অর্থ সাহায্য। সব কাজের মধ্যে সেরা কাজ, তিনি মন্দির নির্মাণ করে গেলেন; দক্ষিণেশ্বর কালী মন্দির। উদ্যান এ ঘটবে বাংলার নবজাগরণ, সেই ভাব আন্দোলনের প্রভাব ছড়িয়ে পড়বে সমগ্র বিশ্বে। কালের ইতিহাসে তার নাম জ্বলজ্বল করবে। ১৮৪৭ সাল, তিনি কাশী যাবেন। নৌবহর প্রস্তুত। তিনি স্বপ্নাদেশ পেলেন- 'কাশীতে কাশী থাক, এই গঙ্গার তীরে আমি তোমার পূজা নেব।' বারাণসী যাওয়ার জন্য কলকাতার ঘাটে পঁচিশটি বজরা সুসজ্জিত ছিল। সেইসময় বঙ্গদেশ ঘোর দুর্ভিক্ষ ও মহামারীর কবলে। রানীমার আদেশে বজরায় মজুত সমস্ত খাদ্যদ্রব্য দরিদ্রের মধ্যে বিতরণ করে দেওয়া হলো।

I. সেকালের সামাজিক ব্যাধি কী ছিল?

A) বাল্যবিবাহ

B) বহুবিবাহ

C) বিধবা বিবাহ

D) কুলিন বিবাহ

II. মন্তব্য: কলকাতার ঘাটে ২৫টি বজরা সুসজ্জিত ছিল।

কারণ(ক): রাসমণিদেবী কাশী যাবেন বলে প্রস্তুতি নিচ্ছিলেন।

কারণ(খ): বজরায় মজুত খাদ্যদ্রব্য দরিদ্রের মধ্যে বিতরণ করবেন।

A) কারণ ক এবং খ দুটোই ঠিক

B) কারণ ক এবং খ দুটোই ভুল

C) কারণ ক ভুল কিন্তু খ ঠিক

D) কারণ ক ঠিক কিন্তু খ ভুল

III. কোন কাজটি সব কাজের মধ্যে সেরা?

A) তারাপীঠ কালীমন্দির প্রতিষ্ঠা

B) কঙ্কালীতলা কালীমন্দির প্রতিষ্ঠা

C) দক্ষিণেশ্বর কালীমন্দির প্রতিষ্ঠা

D) কালীঘাট মন্দির প্রতিষ্ঠা

IV. ' স্বপ্নাদেশ 'সন্ধি বিচ্ছেদ করলে হবে-

A) স্বপ্না+দেশ

B) স্বপ্ন+ আদেশ

C) স্বপ্না+আদেশ

D) স্বপ্ন+দেশ

1.C. পাখি কে না ভালোবাসে, তাদের গান, তাদের চলাফেরা, সুন্দর ভঙ্গি কার না মন হরণ করে? বিশেষত তাদের যা আছে, আমাদের তা নেই; তারা উড়তে পারে- পাখা মেলে দিয়ে আলো আর বাতাস সাগরে সাঁতার দিতে দিতে কোথায় চলে যায়- আমরা ঘরে বসে বসে দেখি, আমাদের মন উড়ু উড়ু করে, তবু এক জায়গায় পোঁতা হয়ে আমরা আমাদের মনের ডালপালা নেড়েই মরি, চলতে পারিনে। তাই এই আকাশ বাতাসের সঙ্গী, বহু দেশ-দেশান্তরের সংবাদবাহকদের আমাদের বড়ো রহস্যময় মনে হয়; তাদের সব খবর জানতে ইচ্ছে হয়।

খাঁচায় পুরে রাখলে তাদের উপর একটু অত্যাচার হয়, তাই আমি একবার একটি ময়ূর পুষেছিলাম। সেটি যখন প্রথমে এলো তখন ছোট্ট কচি ময়ূরবাচ্চা- ময়ূরছানা কী মুরগিছানা বোঝা কঠিন। কথায় বলে, ও যেন একটি ময়ূর ছানা- তার মানে বাচ্চা বয়সে কুশ্রী, ক্রমে সুন্দর হয়ে ওঠে। এরও তাই হল- প্রথম যখন এল তখন না ছিল তার মাথার উপরে বঙ্কিমচূড়া,না ছিল তার চাঁদের টুকরো দিয়ে সাজানো, ছড়ানো বিচিত্র পুচ্ছ। গায়ের বর্ণ একেবারে মাটির মতো, শুকনো ঘাসের মতো।

I. পাখিদের সাথে আমাদের পার্থক্য কী?

A) পাখিরা মন হরণ করতে পারে মানুষেরা মন হরণ করতে পারে না।

B) পাখিরা গাছের মতো এক জায়গায় পোতা হয়ে থাকে মানুষেরা বিভিন্ন জায়গা ঘুরে বেড়াতে পারে।

C) পাখিরা উড়তে পারে কিন্তু মানুষেরা উড়তে পারে না।

D) পাখিদের জীবন রহস্যময় কিন্তু মানুষের জীবন রহস্যময় নয়।

II. কথায় আছে, ও যেন একটি ময়ূরছানা। - এ কথার অর্থ কি?

A) কোন একটি ছোট শিশুকে ময়ূর ছানার মতো দেখতে।

B) কাউকে ছোট বয়সে খুব সুন্দর দেখতে হলেও ক্রমে সে বিশ্রী হয়ে ওঠে।

C) কাউকে বাচ্চা বয়সে কুশ্রী দেখতে হলেও ক্রমে সে সুন্দর হয়ে ওঠে।

D) কাউকে বাচ্চা বয়সে সুন্দর দেখতে হলেও ক্রমশ সে আরো সুন্দর হয়ে ওঠে।

III. মন্তব্য: ময়ূরছানা কী মুরগিছানা বোঝা কঠিন।

কারণ (ক)- ছানাটির তখন মাথার উপরে বঙ্কিমচূড়া ছিল না।

কারণ (খ)- ছানাটির গায়ের রং মাটির মতো, শুকনো ঘাসের মতো।

A) কারণ ক এবং খ দুটোই ঠিক

B) কারণ ক এবং খ দুটোই ভুল

C) কারণ ক ভুল কিন্তু খ ঠিক

D) কারণ ক ঠিক কিন্তু খ ভুল

IV. সন্ধি বিচ্ছেদ কর: অত্যাচার

A) অতি+ চার

B) অত্যা+চার

C) অত্যা+আচার

D) অতি+আচার

## Section-B

## Grammar: (MCQ)

**2. ব্যাকরণ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তর বেছে লেখো: ( যেকোনো তিনটি)** [1×3=3]

I. সমস্ত বাগানটা হয়ে উঠত যেন রূপকথার তেপান্তরের মাঠ।- সাধু গদ্যে রূপান্তর করলে বাক্যটির রূপ কী হবে?

A) সমস্ত বাগানটা হইয়া উঠিল যেন রূপকথার তেপান্তরের মাঠ।

B) সমস্ত বাগানটা হয়ে উঠিত যেন রূপকথার তেপান্তরের মাঠ।

C) সমস্ত বাগানটা হইয়া উঠল যেন রূপকথার তেপান্তরের মাঠ।

D) সমস্ত বাগানটা হইয়া উঠিত যেন রূপকথা তেপান্তরের মাঠ।

II. আমি তৎক্ষণাৎ তাহাকে অন্ত:পুর হইতে ডাকাইয়া পাঠাইলাম।- বাক্যটি সাধুরীতির দৃষ্টান্ত।

কারণ(ক)- এই বাক্যে সর্বনাম ও ক্রিয়াপদের পূর্ণাঙ্গ রূপ ব্যবহৃত হয়েছে।

কারণ(খ) - এই বাক্যের সর্বনাম ও ক্রিয়াপদের সংক্ষিপ্ত রূপ ব্যবহৃত হয়েছে।

A) কারণ ক এবং খ দুটোই ঠিক

B) কারণ ক এবং খ দুটোই ভুল

C) কারণ ক ভুল কিন্তু খ ঠিক

D) কারণ ক ঠিক কিন্তু খ ভুল

III. হাত ধরাধরি করে অমৃত ও ইসাব ওদের কাছে এল। - সাধু গদ্যে রূপান্তর করলে বাক্যটির রূপ কী হবে?

A) হাত ধরাধরি করিয়া অমৃত ও ইসাব ওদের কাছে এল।

B) হাত ধরাধরি করিয়া অমৃত ও ইসাব উহাদের নিকটে আসিল।

C) হাত ধরাধরি করিয়া অমৃত ও ইসাব ওদের নিকটে এল।

D) হাত ধরাধরি করিয়া অমৃত ও ইসাব উহাদের কাছে এল।

IV. একটা বিড়ি ধরাইয়া লইয়া হরিদা চুপ করিয়া বসিয়া আছেন।- চলিত গদ্যে রূপান্তর করলে বাক্যটির রূপ কী হবে?

A) একটা বিড়ি ধরিয়ে লইয়া হরিদা চুপ করিয়া বসিয়া আছেন।

B)একটা বিড়ি ধরাইয়া লইয়া হরিদা চুপ করে বসে আছেন।

C)একটা বিড়ি ধরিয়ে নিয়ে হরিদা চুপ করে বসে আছেন।

D) একটা বিড়ি ধরিয়ে নিয়ে হরিদা চুপ করে বসিয়া আছেন।

V. বসিয়া বসিয়া গঙ্গাতীরের শোভা দেখিতে লাগিলাম। -চলিত গদ্যে রূপান্তর করলে বাক্যটির রূপ কী হবে?

A) বসে বসে গঙ্গাতীরের শোভা দেখিতে লাগলাম।

B) বসে বসে গঙ্গাতীরের শোভা দেখতে লাগলাম।

C) বসিয়া বসিয়া গঙ্গাতীরের শোভা দেখতে লাগলাম।

D) বসে বসে গঙ্গাতীরের শোভা দেখিতে লাগিলাম।

## Section-C

## Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text: (MCQ)

**3. পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তর নির্বাচন করে লেখো: (যেকোনো ছয়টি)** [1×6=6]

I. অমৃতের মা ছেঁড়া জামাটা রিফু করেছিলেন-

A) সেলাই মেশিনে

B) মেশিনে

C) সুচ সুতো দিয়ে

D) পেস্টিং করে

II. ঘড়িটা বের করার জন্য আলোবাবু পর পর কি খুলেছিলেন?

A) ন্যাকড়ার পুটলি- লাল শালুর পুটলি- রেশমি ন্যাকড়ার পুটলি

B) লাল শালুর পুটলি- রেশমি ন্যাকড়ার পুটলি -ন্যাকড়ার পুটলি

C) রেশমি ন্যাকড়ার পুটলি- লাল শালুর পুটলি- ন্যাকড়ার পুটলি

D) লাল শালুর পুটলি- ন্যাকড়ার পুটলি- রেশমি ন্যাকড়ার পুটলি

III. তপনের চেয়ে ছোট মাসি কত বছরের বড়?

A) বছর দশেকের

B) বছর নয়েকের

C) বছর আষ্টেকে

D) বছর এগারোর

IV. মন্তব্য: ছোটমেশোই লেখার প্রকৃত মূল্য বুঝবেন।

কারণ(ক): লেখার মূল্য বোঝার মতো পরিবারে আর কেউ ছিল না।

কারণ(খ): ছোট মেসো একজন লেখক বলেই লেখার প্রকৃত মূল্য তিনি বুঝতে পারবেন।

A) কারণ ক এবং খ দুটোই ভুল

B) কারণ ক ঠিক কিন্তু খ ভুল

C) কারণ ক এবং খ দুটোই ঠিক

D) কারণ ক ভুল কিন্তু খ ঠিক

V. রোগীর ঘায়ে কার্বলিক অ্যাসিড ঢেলে দেওয়ার ঘটনায় আলোবাবু চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে?

A) প্রচন্ড সাহস

B) অতিরিক্ত দরদ

C) চরম অবাধ্যতা

D) নির্বুদ্ধিতা

VI. মন্তব্য: সন্ন্যাসী হাসলেন আর চলে গেলেন।

কারণ(ক) : জগদীশবাবু একশো টাকার নোটটা সন্ন্যাসীর ঝোলার ভেতর ফেলে দিয়েছিলেন।

কারণ(খ): টাকাটা পাওয়ার জন্য সন্ন্যাসী মনে মনে খুশি হয়েছিলেন।

A) কারণ ক এবং খ দুটোই ভুল

B) কারণ ক ঠিক কিন্তু খ ভুল

C) কারণ ক এবং খ দুটোই ঠিক

D) কারণ ক ভুল কিন্তু খ ঠিক

VII. 'ইসাবের মেজাজ চড়ে গেল।'- কেন?

A) কালিয়া অমৃতকে ধাক্কা দিয়েছিল।

B) অমৃতের জামা ছিড়ে গিয়েছিল।

C) কালিয়া অমৃতকে কুস্তিতে হারিয়ে দিয়েছিল।

D) কালিয়া অমৃতের গায়ে কাদা মাখিয়ে দিয়েছিল।

VIII. "... আতঙ্কের হল্লা বেজে উঠেছিল"- কোথায়?

A) দয়ালবাবু লিচু বাগানে

B) চকের বাসস্ট্যান্ডের কাছে

C) সন্ধ্যায় ভীড় ঠাসা বাজারে

D) শহরের সবচেয়ে সরু গলিটার বাইরে

**4. গল্পগুচ্ছ( সহায়ক পাঠ) থেকে সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো: ( যেকোনো চারটি) [1×4=4]**

I. গ্রামের লোকেদের আনন্দভোজ কোন সময় অনুষ্ঠিত হয়েছিল?

A) বর্ষার শুরুতে

B) শীতের শুরুতে

C) গ্রীষ্মের শেষে

D) শীতের শেষে

II. মন্তব্য: 'পকেট হইতে একটা আধুলি লইয়া তাহাকে দিলাম।'-

কারণ(ক)- সে মিনিকে বাদাম কিসমিস দিয়েছিল।

কারণ(খ)- তার কাছে দেশে ফেরার পয়সা ছিল না।

A) কারণ ক এবং খ দুটোই ভুল

B) কারণ ক ঠিক কিন্তু খ ভুল

C) কারণ ক এবং খ দুটোই ঠিক

D) কারণ ক ভুল কিন্তু খ ঠিক

III. গল্পের শেষে রতন পোস্টমাস্টারের দান নিতে চায়নি।-

কারণ(ক): সেই দানের মধ্যে কোন স্নেহ এবং দয়া ছিল না।

কারণ(খ): সেই দানের মধ্যে কোন অধিকারবোধ ছিল না।

A) কারণ ক এবং খ দুটোই ভুল

B) কারণ ক ঠিক কিন্তু খ ভুল

C) কারণ ক এবং খ দুটোই ঠিক

D) কারণ ক ভুল কিন্তু খ ঠিক

IV. ' কাবুলিওয়ালা' গল্প অনুযায়ী কোন মন্তব্যটি ঠিক?

মন্তব্য (ক): সেকালে মেয়েদের শৈশব থেকেই শ্বশুরবাড়ি সম্পর্কে সচেতন করা হত।

মন্তব্য (খ): সেকাল শৈশব পেরোলেই মেয়েদের শ্বশুরবাড়ি পাঠানোর বন্দোবস্ত করা হত।

A) মন্তব্য ক এবং খ দুটোই ঠিক

B) মন্তব্য ক এবং খ দুটোই ভুল

C) মন্তব্য ক ভুল কিন্তু খ ঠিক

D) মন্তব্য ক ঠিক কিন্তু খ ভুল

V. 'কিন্তু এরূপ অসামান্য পরিপাকশক্তি সকলের নিকটে প্রত্যাশা করা যাইতে পারে না।'- এখানে 'পরিপাকশক্তি' কথাটা কোন অর্থে ব্যবহার করা হয়েছে?

A) চিন্তাশক্তি

B) ইচ্ছাশক্তি

C) সহ্যশক্তি

D) কর্মশক্তি

VI. 'হায় বুদ্ধিহীন মানবহৃদয়!'- রতনের আচরণ প্রসঙ্গে উক্ত এই মন্তব্যটিতে লেখক কি বোঝাতে চেয়েছেন?

A) রতনের কোন বুদ্ধি নেই।

B) বুদ্ধিহীনদের কোন হৃদয় নেই।

C) মানুষের মন যুক্তি বুদ্ধি মেনে চলে না।

D) হৃদয়বান মানুষের বুদ্ধি থাকে না।

## PART-B

## (Descriptive Type Questions) : 55 Marks

## Section-B: Grammar: (Subjective)

**5. A. সন্ধি বিচ্ছেদ কর ( যে কোন দুটি):** [1×2=2]

প্রিয়ংবদা, পতঞ্জলি, সংস্কৃত, আবিষ্কার

**B. সন্ধিবদ্ধ পদটি লেখ- ( যে কোন দুটি):** [1×2=2]

নি:+ঠুর, হিংস+অ, বি+ছেদ, পুমস+ লিঙ্গ

**6. ব্যাসবাক্যসহ নিম্নরেখাঙ্কিত পদের সমাস নির্ণয় কর: ( যেকোন তিনটি)** [1×3=3]

I. নদীর পূর্ব উপকূল ওই জনজাতির জন্য নির্দিষ্ট।

II. আমি তাকে ধানদূর্বা দিয়ে আশীর্বাদ করি।

III. তোরা সব জয়ধ্বনি কর।

IV. এ দেহ-আকাশ হতে, জীব-তারা যদি খসে/খেদ নাহি তাহে।

V. পিতামাতা গুরুজনে সদা মোরা ডরি।

**7. নির্দেশানুসারে প্রদত্ত বাক্যগুলির গঠনগত রূপান্তর কর: ( যেকোন তিনটি)** [1×3=3]

I. বাবা যখন শুনলেন দুষ্প্রাপ্য বইটি আমি স্কুলে হারিয়েছি, উনি অত্যন্ত দুঃখিত হলেন।( সরল বাক্যে)

II. গম্ভীর মুখ করিয়া তর্জনী তুলিয়া বলিয়া যাইত।( যৌগিক বাক্যে)

III. কাঙ্গালির মা আস্তে আস্তে উঠে দরজার পাশে গিয়ে দাঁড়ায়। ( যৌগিক বাক্যে)

IV. পুরনো বাসনও বিক্রি হয়না কি এখানে? ( জটিল বাক্যে)

V. আমাদের পুঁথির বিদ্যাকে আমরা আমাদের প্রাণের মধ্যে আয়ত্ত করতে পারিতেছি না। ( জটিল বাক্যে)

## Section-C

## [Main Course Book & Supplementary Reader/Non-detailed Text]

## (Subjective)

8. " তারপর নিজের মনেই হাসলেন।"- কে, কখন নিজের মনেই হাসলেন? [2]

9. a) ' তপন, তোমার গল্প তো দিব্যি হয়েছে।'- এ কথা শুনে তপনের কি প্রতিক্রিয়া হয়েছিল? [3]

b) " ঠিক আছে, তোর বাবাকে গিয়ে বলগে।"- এই উক্তির আলোকে বক্তা চরিত্রের কোন দিকটি আলোকিত হয়েছে? [3]

10.'বইটা ফেলে রেখে চলে যায়'-

a) কার কখন এই প্রতিক্রিয়া?

b) এই প্রতিক্রিয়ার সূত্রে তার যে বর্তন পাঠ্য গল্পের প্রেক্ষিতে তা কতখানি যুক্তিযুক্ত বলে তোমার মনে হয়? [2+3=5]

OR

" মনে হলো যেন পুজো করছেন।"-

a) কার, কোন কাজটিকে পুজো করার মতো মনে হয়েছে?

b) কাজটিকে পুজো করার সঙ্গে তুলনা করা হয়েছে কেন?

**11. সপ্রসঙ্গ ব্যাখ্যা কর।** [5×1=5]

" তোমার পানি আর আমার জল
জীবনের জন্য
একসঙ্গে একাকারে ভরে নিই।"

OR

" আয় আরো হাতে হাত ধরে
আয় আরো বেঁধে বেঁধে থাকি।"

12. ' বনভূমির ওপারে কোন মনভূমির দ'য়,
ফুসুর ফাসুর ঘুসুর ঘাসুর স্বপ্নে কথা হয়।'

a) মনোভূমি বলতে কী বোঝানো হয়েছে?

b) পংক্তি দুটি অবলম্বনে, জায়গাটির বৈশিষ্ট্য বর্ণনা কর। [2+3=5]

OR

"... আঁকড়ে ধরে সে খড়কুটো
রক্ত মুছি শুধু গানের গায়----'

a) খড়কুটো আঁকড়ে ধরার মধ্যে দিয়ে এখানে কি বোঝানো হয়েছে?

b) উদ্ধৃত পংক্তিটির নিহিতার্থ বিশ্লেষণ করো।

13. " তার সঙ্গেও আবার নূতন আলাপ করিতে হইবে"-

a) কার সঙ্গে কে নতুন আলাপ করবে?

b) নতুন আলাপ বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন বর্ণনা কর। [2+3=5]

14."কেহ বিশ্বাস করে না, এবং জানিতে পায় না; কিন্তু ছোট পল্লীর সামান্য বেতনের সাব- পোস্টমাস্টারের মনে গভীর নিস্তব্ধ মধ্যাহ্নে দীর্ঘ ছুটির দিনে এই ওরূপ একটা ভাবের উদয় হইয়া থাকে।"-

a) কিরূপ ভাবের কথা বলা হয়েছে?

b) এরূপ ভাব বিশ্বাস না করা এবং জানতে না পারার কারণ কী? [2+3=5]

OR

"বড়োগিন্নি ব্রজসুন্দরীর সেটা কিছুটা অসহ্যবোধ হত"-

a) ব্রজসুন্দরীর কী অসহ্যবোধ হত?

b) তার অসহ্যবোধ হওয়ার কারণগুলি বর্ণনা কর।

## Section-D

## Creative Writing

**15. নিম্নলিখিত যেকোনো একটি বিষয়ে অবলম্বনে অনুচ্ছেদ রচনা কর:** **[6]**

a) বিদ্যুৎ সংরক্ষণ-বিদ্যুতের অপব্যবহার নষ্ট করছে সভ্যতার রসদ।

b) অতিরিক্ত মোবাইল আসক্তি কেড়ে নিচ্ছে কৈশোরের স্বাভাবিকত্ব

c) একটি ভয়ানক ট্রেন দুর্ঘটনার সাক্ষী

16. 'অনলাইন' পরিষেবার অজ্ঞাতভাবে পা দিয়ে প্রায়শই বিভ্রান্ত ও সর্বশান্ত হচ্ছে সাধারণ মানুষ- তাই সে বিষয়ে সকলকে সতর্ক করে সংবাদপত্র সম্পাদকের কাছে একটি পত্র লেখ। **[6]**

OR

প্রচুর পরিমাণে গাছ কেটে গড়ে তোলা হচ্ছে জনবসতি। ফলে নষ্ট হচ্ছে প্রকৃতির ভারসাম্য। - এই বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য সংবাদপত্রের সম্পাদকের কাছে একটি পত্র লেখো।